বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক ইনকিলাব

তারিখ 13 MAR 1989
পৃষ্ঠা ... কলাম ...

CC3

২৮

বৃহস্পতিবার থেকে এস, এস, সি, পরীক্ষা শুরু হচ্ছে

# চারটি বোর্ডে এবার সাড়ে ৪ লাখ ছাত্র-ছাত্রী অংশ নেবে

॥ মাহবুবুল বাসেত ॥

এবার দেশের চারটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এস, এস, সি, (মেট্রিক পরীক্ষা) পরীক্ষায় মোট প্রায় চার লাখ আটচল্লিশ হাজার আটশ' ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করবে। আগামী ১৬ মার্চ বৃহস্পতিবার থেকে একযোগে চারটি বোর্ডে মোট (দেশে ও বিদেশে) চারশ' একান্নবইটি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। অন্যান্য বছরের তুলনায় এবার পরীক্ষা অনুষ্ঠানের ক্ষেত্রে উল্লেখযোগ্য দিক হচ্ছে এবার কোন উপজেলায় একাধিক পরীক্ষা কেন্দ্র নেই। তবে সরকারী নির্দেশে ক্যাডেট কলেজ, ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল, ইউনিভার্সিটি হাই স্কুল ও ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানেও (উপজেলার কেন্দ্রের বাইরে) কেন্দ্র খোলা হয়েছে। এর আগে কোন কোন

শেষ পৃঃ ৮-এর কঃ দেখুন

## এস এস সি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

উপজেলায় একাধিক কিংবা দু'য়ের অধিক কেন্দ্রও ছিল। এবার দেশের বাইরে সাতটি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। বোর্ড কর্তৃপক্ষগুলো জানিয়েছেন, তারা ইতিমধ্যেই সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা গ্রহণের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করেছেন এবং প্রবেশপত্রও পাঠিয়ে দিয়েছেন। পরীক্ষা কেন্দ্রের আশেপাশে শান্তি-শৃংখলা বজায় রাখার উদ্দেশ্যে সকল কেন্দ্রের একশ' মিটারের মধ্যে ১৪৪ ধারা জারি করা হবে। অন্যান্য বছর ১৬ থেকে ১৮ দিন লাগলেও এবার ১৪ দিনের মধ্যেই এ পরীক্ষা শেষ হবে।

উল্লেখ্য, এবার ঢাকা বোর্ডের অধীনে মোট এক লাখ আটত্রিশ হাজার পাঁচশ' বিয়াল্লিশ জন ছাত্র-ছাত্রী এস, এস, সি, পরীক্ষায় অংশগ্রহণ করবে। এর মধ্যে বায়ান্ন হাজারেরও বেশী হচ্ছে ছাত্রী। এ বোর্ডের অধীনে এস, এস, সি, পরীক্ষা গ্রহণের জন্য দেশে একশ' একত্রিশটি ও দেশের বাইরে সাতটি কেন্দ্র খোলা হবে। দেশের বাইরের কেন্দ্রগুলো হচ্ছে— লণ্ডন, কাতার, কুয়েত, আবুধাবী, রিয়াদ, জেদ্দা, ত্রিপলী। এসব কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে ৪০ জন।

কুমিল্লা বোর্ডের অধীনে মোট এক লাখ তের হাজার ছয়শ' ছত্রিশ জন ছাত্র-ছাত্রী এস, এস, সি, পরীক্ষায় অংশগ্রহণ করবে। বলে আশা করা হচ্ছে। এর মধ্যে ছাত্রী সংখ্যা হচ্ছে পঁয়ত্রিশ হাজার ছয়শ' আট। মোট একশ' একুশটি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

যশোর বোর্ডে এবার মোট এস, এস, সি, পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে নব্বই হাজার একশ' চৌদ্দ জন। এর মধ্যে ছাত্রী হচ্ছে আটাশ হাজার সাতশ' তেতাল্লিশ জন। মোট পরীক্ষা কেন্দ্রের সংখ্যা হচ্ছে একশ'।

রাজশাহী বোর্ডে মোট পরীক্ষা কেন্দ্র হচ্ছে একশ' বত্রিশটি। মোট পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে এক লাখ ছয় হাজার পাঁচশ' চার। এর মধ্যে ছাত্রীর সংখ্যা হচ্ছে বিশ হাজার দু'শ' পঁয়ষট্টি। চারটি বোর্ডের মধ্যে রাজশাহী বোর্ডেই ছাত্রীর সংখ্যা সবচেয়ে কম। আগামী ৩ এপ্রিল এ পরীক্ষা (প্র্যাকটিক্যাল ছাড়া) শেষ হবে।